

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯৯

الْجَنَائِر وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) अ०. किठातून जानारिय এवः जानायात পूर्वाপत সংশ্লিষ্ট विषय পরিচ্ছেদঃ কখনো কখনো মহান আল্লাহ তাঁর বান্দাকে দুনিয়াতে পাপের প্রতিদান দেন, যাতে এটা তার জন্য পাপ থেকে পবিত্রতার কারণ হয়ে যায়

ذَكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ قَدْ يُجازِي مَنْ شَاءَ مِنْ عِبَادِهِ عَلَى سَيِّئَاتِهِ فِي الدُّنْيَا لِيَكُونَ ذَلِكَ تَطْهيرًا

## আরবী

2899 \_ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْن مُجَاشِع قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: حَدَّثَنَا خَالِدٌ قَالَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبِي خَالِدٍ عَنْ أَبِي بَكْرِ بْنِ أَبِي زُهَيْرِ التَّقَفِيّ عَنْ أَبِي بَكْرِ الصِّدِيّقِ: أَنَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهِ كَيْفَ الصَّلَاحُ بَعْدَ هَذِهِ الْآيَةِ: {لَيْسَ بأَمَانِيّكُمْ وَلَا أَمَانِيّ أَهْلِ الْكِتَابِ مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَبِهِ} [النساء: 123] وكلَّ شَيْءٍ عَمِلْنا جُزينا بهِ؟ فَقَالَ: (غَفَرَ اللَّهُ لَكَ يَا أَبَا بَكْرِ أَلَسْتَ تَمْرَضُ أَلَسْتَ تَحْزَنُ؟ أَلَسْتَ تُصيبك اللَّأْوَاءُ؟) قَالَ: قُلْتُ: بَلَى قَالَ:(هو ما تُجْزَوْنَ به) الراوي: أَبُو بَكْرِ الصِّدِّيق | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2899 | خلاصة حكم المحدث: حسن ـ ((الروض)) (819).

## বাংলা

২৮৯৯. আবু বাকর সিদ্দীক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, মহান আল্লাহ কুর'আনে বলেছেন, يَجْزَ بهِ এই أَمَانِيّ أَهْل الْكِتَابِ مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بهِ তোমাদের কামনা কিংবা আহলে কিতাবদের কামনা অনুসারে হবে না। যে ব্যক্তি মন্দ কাজ করবে। তাকে তার প্রতিদান দেওয়া হবে ৷–সূরা নিসা: ১২৩), এই আয়াতের পর কল্যাণ কিভাবে হবে, অথচ আমাদের প্রতিটি আমলের প্রতিদান দেওয়া হবে?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "হে আবু বাকর, আল্লাহ আপনাকে ক্ষমা করুন। আপনি কি অসুস্থ হন না? আপনি কি দুঃখ-কষ্টে নিপতিত হন না? আপনাকে কি কোন উদ্বেগ উৎকণ্ঠা পায় না?" জবাবে তিনি বলেন, "জ্বী, হ্যাঁ।" রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এসবের



মাধ্যমে (মন্দ কর্মের) প্রতিদান দেওয়া হয়।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১১; মুসনাদ আবৃ বাকর: ১১১; মুসনাদ আবী ইয়ালা: ৯৮; হাকিম: ৩/৭৪-৭৫; সুনান বাইহাকী: ৩/৩৭৩; তিরমিযী: ৩০৩৯; তাবারী: ১০৫৩৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আর রওয: ৮১৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ বকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন